



আন্তর্জাতিক মানদণ্ডে জুলাই শহীদদের মরদেহ উঠানো হবে: সিআইডি প্রধান



সংগৃহীত ছবি

আন্তর্জাতিক মান ও ফরেনসিক প্রটোকল অনুসরণ করে রায়েরবাজার কবরস্থান থেকে অজ্ঞাত জুলাই শহীদদের মরদেহ উত্তোলন ও ডিএনএ পরীক্ষা শুরু হচ্ছে বলে জানিয়েছেন সিআইডি প্রধান অতিরিক্ত আইজিপি মো. ছিবগাত উল্লাহ।

রোববার (৭ ডিসেম্বর) সকালে রায়েরবাজারে সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে তিনি জানান, দীর্ঘদিন ধরে অজ্ঞাত অবস্থায় থাকা মরদেহগুলোর পরিচয় নিশ্চিত করতে আজ থেকে আনুষ্ঠানিক প্রক্রিয়া চালু করা হয়েছে।

তিনি বলেন, কবরস্থানে ঠিক কতটি মরদেহ আছে তা নিশ্চিত নয়, তবে একশর বেশি মরদেহ থাকার ধারণা করা হচ্ছে। প্রতিটি মরদেহ উত্তোলনের পর ডিএনএ নমুনা সংগ্রহ করে মিলিয়ে দেখা হবে।

সিআইডি প্রধান আরও জানান, পরিচয় শনাক্ত হলে আইনি প্রক্রিয়া অনুসরণ করে মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হবে। কত সময় লাগবে তা নির্ভর করবে নমুনা বিশ্লেষণের অগ্রগতি ও শনাক্তকরণ পরীক্ষার ফলাফলের ওপর।

তিনি আশাবাদ ব্যক্ত করেন, এ প্রক্রিয়ার মাধ্যমে জুলাই আন্দোলনে নিহত অজ্ঞাত শহীদদের পরিচয় পাওয়া গেলে তাদের পরিবার যথাযথ মর্যাদা ও অধিকার ফিরে পাবে।